গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

পরিকল্পনা মন্ত্রণালয়

পরিকল্পনা বিভাগ

কর্মসম্পাদন ব্যবস্থাপনা অধিশাখা

www.plandiv.gov.bd

নং-২০.০০.০০০০.৩২৮.৩৯.০০১.১৯-৪১১

তারিখঃ ২৭ মাঘ , ১৪২৬ বঙ্গাব্দ
১০ ফেব্রুয়ারি, ২০২০ খ্রিষ্টাব্দ

**বিষয়ঃ জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা মূল্যায়ন সংক্রান্ত নির্দেশিকা, ২০১৯-২০ প্রেরণ।**

**সূত্রঃ ০৪.০০.০০০০.৮২২.১৪.০৩৪.২০.২৭ তারিখ: ০৫/০২/২০২০**

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে মন্ত্রিপরিষদ বিভাগ থেকে প্রাপ্ত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা (NIS) মূল্যায়ন সংক্রান্ত নির্দেশিকা, ২০১৯-২০ এতদসংগে প্রেরণ করা হলো (কপি সংযুক্ত)।

২। এমতাবস্থায়, উক্ত নির্দেশিকায় বর্ণিত অনুশাসন মোতাবেক জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা মূল্যায়নের জন্য নির্দেশক্রমে অনুরোধ জানানো হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক।

২০/২/২০

**(মোঃ রফিকুল ইসলাম)**
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯১৮০৭৯২
E-mail: ro.pms@plandiv.gov.bd

বিতরণ:

১. মহাপরিচালক, জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমী, নীলক্ষেত, ঢাকা।
২. অতিরিক্ত সচিব (সকল), পরিকল্পনা বিভাগ, ঢাকা।
৩. মহাপরিচালক, বাংলাদেশ উন্নয়ন গবেষনা প্রতিষ্ঠান, আগারগাঁও, ঢাকা।
৪. প্রধান (সকল), পরিকল্পনা কমিশন, ঢাকা।
৫. প্রধান, এনইসি একনেক ও সমন্বয় অনুবিভাগ, পরিকল্পনা বিভাগ, ঢাকা।
৬. যুগ্মসচিব (প্রশাসন/সমন্বয়), পরিকল্পনা বিভাগ, ঢাকা।
৭. উপসচিব, (সকল), পরিকল্পনা বিভাগ, ঢাকা।
৮. উপপ্রধান, পরিকল্পনা শাখা,
৯. সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব...................................................... পরিকল্পনা বিভাগ, ঢকা।
১০. সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, পরিকল্পনা বিভাগ, ঢাকা
১১. সহকারী প্রোগ্রামার, ই-সার্ভিস শাখা, পরিকল্পনা বিভাগ **(পত্রটি ওয়েবসাইটে আপলোড করার অনুরোধসহ)।**

অনুলিপি সদয় অবগতির জন্য:

১। উপসচিব, শুদ্ধাচার শাখা, মন্ত্রিপরিষদ বিভাগ, পরিবহন পুল ভবন, সচিবালয় লিংক রোড, , ঢাকা
২। সচিব মহোদয়ের একান্ত সচিব, পরিকল্পনা বিভাগ, ঢাকা।
৩। অফিস কপি।

D:\2017-2 APA Section\nis 2019-20 application.docx

## মন্ত্রণালয়/বিভাগের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০১৯-২০২০-এর মূল্যায়ন সংক্রান্ত নির্দেশিকা

মন্ত্রণালয়/বিভাগের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার বিভিন্ন কার্যক্রমের বিপরীতে উল্লেখিত প্রতিটি লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রকৃত অর্জন মূল্যায়ন করা প্রয়োজন।

২। মন্ত্রণালয়/বিভাগের ২০১৯-২০ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার বার্ষিক মূল্যায়ন প্রতিবেদন প্রস্তুতের ক্ষেত্রে নিম্নোক্ত বিষয়াদি ও পদ্ধতি অনুসরণ করতে হবে:

- মূল্যায়ন প্রতিবেদন প্রস্তুতের ক্ষেত্রে স্ব স্ব মন্ত্রণালয়/বিভাগসমূহের প্রতিটি কার্যক্রমের আওতায় উল্লেখিত প্রতিটি সূচকের বিপরীতে প্রকৃত অর্জন সংক্রান্ত তথ্যাদি উল্লেখ করতে হবে;
- মন্ত্রণালয়/বিভাগের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও পরিবীক্ষণ কাঠামোতে উল্লেখিত প্রতিটি কার্যক্রমের বিপরীতে অর্জিত ফলাফল উল্লেখপূর্বক জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা মূল্যায়ন প্রতিবেদন প্রস্তুত করতে হবে;
- মূল্যায়ন প্রতিবেদন প্রস্তুতের ক্ষেত্রে প্রতিটি কার্যক্রমের বিপরীতে মন্ত্রণালয়/বিভাগ/রাষ্ট্রীয় প্রতিষ্ঠানের বিভিন্ন অনুবিভাগ/অধিশাখা/শাখা হতে প্রাপ্ত অর্জন সংক্রান্ত তথ্যাদি এবং প্রমাণকসমূহ যথাযথভাবে যাচাই করতে হবে এবং এ সকল প্রমাণক/তথ্যের যথার্থতা নিরূপণ করতে হবে;
- মন্ত্রণালয়/বিভাগ/রাষ্ট্রীয় প্রতিষ্ঠানসমূহের নৈতিকতা কমিটি সরেজমিনে যাচাইঅন্তে অর্জনের সপক্ষে প্রদত্ত তথ্যের সঠিকতা যাচাইপূর্বক প্রমাণকসমূহ সংরক্ষণ করবে এবং জাতীয় শুদ্ধাচার বাস্তবায়ন ইউনিট এর চাহিদা মোতাবেক তা তাৎক্ষণিকভাবে সরবরাহ করবে;
- প্রমাণকের কলেবর বিবেচনা করে ক্ষেত্র-বিশেষে মন্ত্রণালয়/বিভাগ/রাষ্ট্রীয় প্রতিষ্ঠান কর্তৃক প্রকৃত অর্জনের সপক্ষে প্রয়োজনীয় দলিলাদি পিডিএফ আকারে ওয়েবসাইটে আপলোড করা যেতে পারে;
- নৈতিকতা কমিটি কর্তৃক পুঙ্খানুপুঙ্খভাবে পর্যালোচনান্তে ২০১৯-২০ অর্থ-বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও পরিবীক্ষণ কাঠামোর অনুমোদিত মূল্যায়ন প্রতিবেদন নির্ধারিত তারিখের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে।

৩। ২০১৯-২০ অর্থ-বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা মূল্যায়ন:

| কার্যক্রমের নাম | কর্মসম্পাদন সূচক | সূচকের মান | একক | মূল্যায়ন পদ্ধতি | প্রমাণক |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | |
| **১. প্রাতিষ্ঠানিক ব্যবস্থা.......................................৮** | | | | | |
| ১.১ নৈতিকতা কমিটির সভা | অনুষ্ঠিত সভা | ৪ | সংখ্যা | প্রতি ত্রৈমাসিকে ১টি করে সভা অনুষ্ঠিত হলে পূর্ণ নম্বর পাওয়া যাবে। কোন ত্রৈমাসিকে সভা আয়োজন করা সম্ভব না হলে পরবর্তী সময়ে সভা আয়োজন করা যাবে। তবে, নির্ধারিত ত্রৈমাসিকের সভা পরবর্তী সময়ে আয়োজন করা হলে প্রতিটি সভার বিলম্বের জন্য ০.২৫ করে নম্বর কর্তন হবে। | নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী |
| ১.২ নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন | বাস্তবায়িত সিদ্ধান্ত | ৪ | % | প্রতি ত্রৈমাসিকে আয়োজিত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জন শতভাগ হলে পূর্ণ নম্বর পাওয়া যাবে। তবে অর্জন শতভাগ না হলে গাণিতিকহারে নম্বর কর্তন হবে। | বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন, সংশ্লিষ্ট পত্র |
| **২. দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন.......................................১০** | | | | | |
| ২.১ সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে সভা | অনুষ্ঠিত সভা | ২ | সংখ্যা | অংশীজনের অংশগ্রহণে সভা আয়োজনের লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জন শতভাগ হলে পূর্ণ নম্বর পাওয়া যাবে। তবে অর্জন শতভাগ না হলে গাণিতিকহারে নম্বর কর্তন হবে। | অংশীজনের অংশগ্রহণে সভার কার্যবিবরণী |

- ৬৮৮ -

**মন্ত্রণালয়/বিভাগের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০১৯-২০২০-এর মূল্যায়ন সংক্রান্ত নির্দেশিকা**

মন্ত্রণালয়/বিভাগের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার বিভিন্ন কার্যক্রমের বিপরীতে উল্লেখিত প্রতিটি লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রকৃত অর্জন মূল্যায়ন করা প্রয়োজন।

২। মন্ত্রণালয়/বিভাগের ২০১৯-২০ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার বার্ষিক মূল্যায়ন প্রতিবেদন প্রস্তুতের ক্ষেত্রে নিম্নোক্ত বিষয়াদি ও পদ্ধতি অনুসরণ করতে হবে:

- মূল্যায়ন প্রতিবেদন প্রস্তুতের ক্ষেত্রে স্ব স্ব মন্ত্রণালয়/বিভাগসমূহের প্রতিটি কার্যক্রমের আওতায় উল্লেখিত প্রতিটি সূচকের বিপরীতে প্রকৃত অর্জন সংক্রান্ত তথ্যাদি উল্লেখ করতে হবে;
- মন্ত্রণালয়/বিভাগের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও পরিবীক্ষণ কাঠামোতে উল্লেখিত প্রতিটি কার্যক্রমের বিপরীতে অর্জিত ফলাফল উল্লেখপূর্বক জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা মূল্যায়ন প্রতিবেদন প্রস্তুত করতে হবে;
- মূল্যায়ন প্রতিবেদন প্রস্তুতের ক্ষেত্রে প্রতিটি কার্যক্রমের বিপরীতে মন্ত্রণালয়/বিভাগ/রাষ্ট্রীয় প্রতিষ্ঠানের বিভিন্ন অনুবিভাগ/অধিশাখা/শাখা হতে প্রাপ্ত অর্জন সংক্রান্ত তথ্যাদি এবং প্রমাণকসমূহ যথাযথভাবে যাচাই করতে হবে এবং এ সকল প্রমাণক/তথ্যের যথার্থতা নিরূপণ করতে হবে;
- মন্ত্রণালয়/বিভাগ/রাষ্ট্রীয় প্রতিষ্ঠানসমূহের নৈতিকতা কমিটি সরেজমিনে যাচাইঅন্তে অর্জনের সপক্ষে প্রদত্ত তথ্যের সঠিকতা যাচাইপূর্বক প্রমাণকসমূহ সংরক্ষণ করবে এবং জাতীয় শুদ্ধাচার বাস্তবায়ন ইউনিট এর চাহিদা মোতাবেক তা তাৎক্ষণিকভাবে সরবরাহ করবে;
- প্রমাণকের কলেবর বিবেচনা করে ক্ষেত্র-বিশেষে মন্ত্রণালয়/বিভাগ/রাষ্ট্রীয় প্রতিষ্ঠান কর্তৃক প্রকৃত অর্জনের সপক্ষে প্রয়োজনীয় দলিলাদি পিডিএফ আকারে ওয়েবসাইটে আপলোড করা যেতে পারে;
- নৈতিকতা কমিটি কর্তৃক পুঙ্খানুপুঙ্খভাবে পর্যালোচনান্তে ২০১৯-২০ অর্থ-বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও পরিবীক্ষণ কাঠামোর অনুমোদিত মূল্যায়ন প্রতিবেদন নির্ধারিত তারিখের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে।

৩। ২০১৯-২০ অর্থ-বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা মূল্যায়ন:

| কার্যক্রমের নাম | কর্মসম্পাদন সূচক | সূচকের মান | একক | মূল্যায়ন পদ্ধতি | প্রমাণক |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | |
| ১. প্রাতিষ্ঠানিক ব্যবস্থা........................................৮ | | | | | |
| ১.১ নৈতিকতা কমিটির সভা | অনুষ্ঠিত সভা | ৪ | সংখ্যা | প্রতি ত্রৈমাসিকে ১টি করে সভা অনুষ্ঠিত হলে পূর্ণ নম্বর পাওয়া যাবে। কোন ত্রৈমাসিকে সভা আয়োজন করা সম্ভব না হলে পরবর্তী সময়ে সভা আয়োজন করা যাবে। তবে, নির্ধারিত ত্রৈমাসিকের সভা পরবর্তী সময়ে আয়োজন করা হলে প্রতিটি সভার বিলম্বের জন্য ০.২৫ করে নম্বর কর্তন হবে। | নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী |
| ১.২ নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন | বাস্তবায়িত সিদ্ধান্ত | ৪ | % | প্রতি ত্রৈমাসিকে আয়োজিত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জন শতভাগ হলে পূর্ণ নম্বর পাওয়া যাবে। তবে অর্জন শতভাগ না হলে গাণিতিকহারে নম্বর কর্তন হবে। | বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন, সংশ্লিষ্ট পত্র |
| ২. দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন..............................১০ | | | | | |
| ২.১ সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে সভা | অনুষ্ঠিত সভা | ২ | সংখ্যা | অংশীজনের অংশগ্রহণে সভা আয়োজনের লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জন শতভাগ হলে পূর্ণ নম্বর পাওয়া যাবে। তবে অর্জন শতভাগ না হলে গাণিতিকহারে নম্বর কর্তন হবে। | অংশীজনের অংশগ্রহণে সভার কার্যবিবরণী |

| কার্যক্রমের নাম | কর্মসম্পাদন সূচক | সূচকের মান | একক | মূল্যায়ন পদ্ধতি | প্রমাণক |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | |
| ২.২ অংশীজনের অংশগ্রহণে সভার সিদ্ধান্ত বাস্তবায়ন | বাস্তবায়িত সিদ্ধান্ত | ২ | % | প্রতিটি আয়োজিত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জন শতভাগ হলে পূর্ণ নম্বর পাওয়া যাবে। তবে অর্জন শতভাগ না হলে গাণিতিকহারে নম্বর কর্তন হবে। | বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন, সংশ্লিষ্ট পত্র |
| ২.৩ কর্মকর্তা-কর্মচারীদের অংশগ্রহণে চাকরি সংক্রান্ত বিভিন্ন প্রশিক্ষণ আয়োজন | প্রশিক্ষণার্থী | ৩ | সংখ্যা | প্রশিক্ষণের অংশগ্রহণকারী/প্রশিক্ষণার্থীর মোট সংখ্যার লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জন শতভাগ হলে পূর্ণ নম্বর পাওয়া যাবে। তবে অর্জন শতভাগ না হলে গাণিতিকহারে নম্বর কর্তন হবে। | নোটিশ, প্রশিক্ষণার্থীগণের উপস্থিতি |
| ২.৪ কর্মকর্তা-কর্মচারীদের অংশগ্রহণে সুশাসন সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন | প্রশিক্ষণার্থী | ৩ | সংখ্যা | প্রশিক্ষণের অংশগ্রহণকারী/প্রশিক্ষণার্থীর মোট সংখ্যার লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জন শতভাগ হলে পূর্ণ নম্বর পাওয়া যাবে। তবে অর্জন শতভাগ না হলে গাণিতিকহারে নম্বর কর্তন হবে। | নোটিশ, প্রশিক্ষণার্থীগণের উপস্থিতি |
| **৩. শুদ্ধাচার প্রতিষ্ঠায় সহায়ক আইন/বিধি/নীতিমালা/ম্যানুয়েল প্রণয়ন/সংস্কার/হালনাগাদকরণ ও প্রজ্ঞাপন/পরিপত্র জারি............১০** | | | | | |
| ৩.১ | | | | শুদ্ধাচার প্রতিষ্ঠায় সহায়ক আইন/বিধি/ নীতিমালা/ম্যানুয়েল প্রণয়ন/সংস্কার/ হালনাগাদকরণ ও প্রজ্ঞাপন/ পরিপত্র জারির ক্ষেত্রে কার্যক্রম, কর্মসম্পাদন সূচক ও একক যথাযথ হওয়া সাপেক্ষে এবং লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জন শতভাগ হলে পূর্ণ নম্বর পাওয়া যাবে। অন্যথায় কোন নম্বর প্রদান করা যাবে না। | গৃহীত কার্যক্রম সংক্রান্ত পত্র, তথ্য |
| ৩.২ | | | | | |
| **৪. ওয়েবসাইটে সেবাবক্স হালনাগাদকরণ..................................৮** | | | | | |
| ৪.১ সেবা সংক্রান্ত টোল ফ্রি নম্বরসমূহ স্ব স্ব তথ্য বাতায়নে দৃশ্যমানকরণ | তথ্য বাতায়নে দৃশ্যমানকৃত | ১ | তারিখ | স্ব স্ব তথ্য বাতায়নে লক্ষ্যমাত্রায় উল্লেখিত তারিখের মধ্যে দৃশ্যমান স্থানে সংযুক্তকরা হলে পূর্ণ নম্বর পাওয়া যাবে। বিলম্বের ক্ষেত্রে বা তথ্য বাতায়নে দৃশ্যমান না হলে প্রতি পাক্ষিকের জন্য ০.২৫ করে নম্বর কর্তন হবে। | স্ব স্ব ওয়েবসাইট |
| ৪.২ স্ব স্ব ওয়েবসাইটে শুদ্ধাচার সেবাবক্স হালনাগাদকরণ | সেবাবক্স হালনাগাদকৃত | ২ | তারিখ | স্ব স্ব ওয়েবসাইটে শুদ্ধাচার সেবাবক্স হালনাগাদকৃত দাবি করা হলে উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক পরিবীক্ষণ সাপেক্ষে পূর্ণ নম্বর পাওয়া যাবে।<br>উল্লেখ্য, শুদ্ধাচার সংক্রান্ত সেবাবক্সে<br>১. বার্ষিক কর্ম-পরিকল্পনা;<br>২. ত্রৈমাসিক বাস্তবায়ন অগ্রগতি;<br>৩.প্রজ্ঞাপন/নীতিমালা/পরিপত্র/কার্যবিবরণী; এবং<br>৪. যোগাযোগ-এই চারটি লিঙ্কে তথ্যাদি হালনাগাদ করে আপলোড করতে হবে। | স্ব স্ব ওয়েবসাইট |
| ৪.৩ স্বপ্রণোদিত তথ্য প্রকাশ নির্দেশিকা হালনাগাদ করে ওয়েবসাইটে প্রকাশ | হালনাগাদকৃত নির্দেশিকা ওয়েবসাইটে প্রকাশিত | ১ | তারিখ | তথ্য অধিকার আইন, ২০০৯ এবং তথ্য অধিকার (তথ্য প্রকাশ ও প্রচার) প্রবিধানমালা, ২০১০ এর আলোকে স্বপ্রণোদিত তথ্য প্রকাশ নির্দেশিকা হালনাগাদ করে ওয়েবসাইটে প্রকাশিত মর্মে দাবি করা হলে উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক পরিবীক্ষণ সাপেক্ষে পূর্ণ নম্বর পাওয়া যাবে। | স্ব স্ব ওয়েবসাইট |

৬৮৪

| কার্যক্রমের নাম | কর্মসম্পাদন সূচক | সূচকের মান | একক | মূল্যায়ন পদ্ধতি | প্রমাণক |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | |
| ৪.৪ স্ব স্ব ওয়েবসাইটে তথ্য অধিকার সেবাবক্স হালনাগাদকরণ | সেবাবক্স হালনাগাদকৃত | ২ | তারিখ | স্ব স্ব ওয়েবসাইটে তথ্য অধিকার সেবাবক্স হালনাগাদকৃত দাবি করা হলে উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক পরিবীক্ষণ সাপেক্ষে পূর্ণ নম্বর পাওয়া যাবে। এক্ষেত্রে, তথ্য অধিকার সংক্রান্ত সেবাবক্সে<br>১. দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, আপিল কর্তৃপক্ষ,<br>২. আরটিআই কমিটিসমূহ/ তথ্য অধিকার বাস্তবায়ন পরিকল্পনা, আইন/বিধি/কৌশল<br>৩. তথ্য প্রাপ্তির আবেদন/আপীল/অভিযোগ ফরম,<br>৪. স্বপ্রণোদিত তথ্য প্রকাশ নির্দেশিকা<br>সন্নিবেশ করতে হবে। | স্ব স্ব ওয়েবসাইট |
| ৪.৫ সব স্ব ওয়েবসাইটের অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS) সেবাবক্স হালনাগাদকরণ | ওয়েবসাইটে হালনাগাদকৃত | ২ | তারিখ | স্ব স্ব ওয়েবসাইটে অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS) সেবাবক্স হালনাগাদকৃত দাবি করা হলে উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক পরিবীক্ষণ সাপেক্ষে পূর্ণ নম্বর পাওয়া যাবে। উল্লেখ্য, অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS) সংক্রান্ত সেবাবক্সে<br>১. অনিক ও আপিল কর্মকর্তা;<br>২. নীতিমালা/নির্দেশিকা/পরিপত্র;<br>৩. অভিযোগ ও প্রতিকারের পরিসংখ্যান; এবং<br>৪. অনলাইন আবেদন-এই চারটি লিঙ্কে তথ্যাদি হালনাগাদ করে আপলোড করতে হবে। | স্ব স্ব ওয়েবসাইট |
| **৫. সুশাসন প্রতিষ্ঠা..................................৬** | | | | | |
| ৫.১ উত্তম চর্চার তালিকা প্রণয়ন করে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ | উত্তম চর্চার তালিকা প্রেরিত | ৩ | তারিখ | নির্ধারিত তারিখের মধ্যে উত্তম চর্চার (best practice) তালিকা প্রণয়ন করে মন্ত্রিপরিষদ বিভাগের শুদ্ধাচার শাখায় প্রেরণ করা হলে পূর্ণ নম্বর পাওয়া যাবে। বিলম্বের ক্ষেত্রে প্রতি পাক্ষিকের জন্য ০.২৫ করে নম্বর কর্তন হবে। | প্রাপ্ত তালিকা, অগ্রায়ন পত্র |
| ৫.২ বাংলাদেশ জাতীয় ডিজিটাল আর্কিটেকচার-এর ফোকাল পয়েন্ট ও বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা নিয়োগ ও ওয়েবসাইটে প্রকাশ | ফোকাল পয়েন্ট ও বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা নিয়োগকৃত ও ওয়েবসাইটে প্রকাশিত | ২ | তারিখ | নির্ধারিত তারিখের মধ্যে বাংলাদেশ জাতীয় ডিজিটাল আর্কিটেকচার-এর ফোকাল পয়েন্ট ও বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা নিয়োগ ও ওয়েবসাইটে প্রকাশ করা হলে পূর্ণ নম্বর পাওয়া যাবে। বিলম্বের ক্ষেত্রে প্রতি পাক্ষিকের জন্য ০.২৫ করে নম্বর কর্তন হবে। | স্ব স্ব ওয়েবসাইট |
| ৫.৩ জনস্বার্থ সংশ্লিষ্ট তথ্য প্রকাশ (সুরক্ষা প্রদান) বিধিমালা, ২০১৭-এর বিধি ৪ অনুসারে "ডেজিগনেটেড অফিসার" নিয়োগ ও ওয়েবসাইটে প্রকাশ | "ডেজিগনেটেড অফিসার" নিয়োগকৃত ও ওয়েবসাইটে প্রকাশিত | ১ | তারিখ | নির্ধারিত তারিখের মধ্যে জনস্বার্থ সংশ্লিষ্ট তথ্য প্রকাশ (সুরক্ষা প্রদান) বিধিমালা, ২০১৭-এর বিধি ৪ অনুসারে "ডেজিগনেটেড অফিসার" নিয়োগ ও ওয়েবসাইটে প্রকাশ করা হলে পূর্ণ নম্বর পাওয়া যাবে। বিলম্বের ক্ষেত্রে প্রতি পাক্ষিকের জন্য ০.২৫ করে নম্বর কর্তন হবে। | স্ব স্ব ওয়েবসাইট |
| **৬. প্রকল্পের ক্ষেত্রে শুদ্ধাচার...........................৯** | | | | | |
| ৬.১ প্রকল্পের বার্ষিক ক্রয় পরিকল্পনা অনুমোদন | অনুমোদিত ক্রয় পরিকল্পনা | ২ | তারিখ | অর্থবছরের প্রারম্ভে প্রকল্পের বার্ষিক ক্রয় পরিকল্পনা অনুমোদন করা হলে পূর্ণ নম্বর পাওয়া যাবে। বিলম্বের ক্ষেত্রে প্রতি মাসের জন্য ০.২৫ করে | অফিস আদেশ ও স্ব স্ব ওয়েবসাইট |

| কার্যক্রমের নাম | কর্মসম্পাদন সূচক | সূচকের মান | একক | মূল্যায়ন পদ্ধতি | প্রমাণক |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | |
| | | | | নম্বর কর্তন হবে। | |
| ৬.২ এডিপি বাস্তবায়ন অগ্রগতি | অগ্রগতির হার | ১ | % | অর্থবছরের শেষে এডিপি বাস্তবায়ন অগ্রগতির লক্ষ্যমাত্রা শতভাগ অর্জিত হলে পূর্ণ নম্বর পাওয়া যাবে। লক্ষ্যমাত্রার বিপরীতে শতভাগ অর্জন না হলে গাণিতিক হারে নম্বর কর্তন করা হবে। | সংশ্লিষ্ট প্রতিবেদন |
| ৬.৩ মন্ত্রণালয়/ বিভাগ কর্তৃক প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি পরিদর্শন/ পরিবীক্ষণ | দাখিলকৃত প্রতিবেদন | ৩ | সংখ্যা | মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি পরিদর্শন/ পরিবীক্ষণের লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জন শতভাগ হলে পূর্ণ নম্বর পাওয়া যাবে। তবে অর্জন শতভাগ না হলে গাণিতিকহারে নম্বর কর্তন হবে। | পরিদর্শন/ পরিবীক্ষণ প্রতিবেদন |
| ৬.৪. প্রকল্প পরিদর্শন/পরিবীক্ষণ প্রতিবেদনের সুপারিশ বাস্তবায়ন | বাস্তবায়নের হার | ৩ | % | পরিদর্শন/পরিবীক্ষণ প্রতিবেদনের সুপারিশ বাস্তবায়নের লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জন শতভাগ হলে পূর্ণ নম্বর পাওয়া যাবে। তবে অর্জন শতভাগ না হলে গাণিতিকহারে নম্বর কর্তন হবে। | বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন, সংশ্লিষ্ট পত্র |
| **৭. ক্রয়ক্ষেত্রে শুদ্ধাচার..................৭** | | | | | |
| ৭.১ পিপিএ ২০০৬-এর ধারা ১১(২) ও পিপিআর ২০০৮-এর বিধি ১৬(৬) অনুযায়ী ২০১৯-২০ অর্থ বছরের ক্রয়-পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশ | ক্রয়-পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশিত | ৩ | তারিখ | ২০১৯-২০ অর্থ-বছরের প্রারম্ভে বার্ষিক ক্রয়-পরিকল্পনা প্রণয়ন করা হলে পূর্ণ নম্বর পাওয়া যাবে। বিলম্বের ক্ষেত্রে প্রতি মাসের জন্য ০.২৫ করে নম্বর কর্তন হবে। উল্লেখ্য সংশোধিত বাজেট প্রাপ্তি সাপেক্ষে বার্ষিক ক্রয়-পরিকল্পনা সংশোধন করা যাবে এবং নির্ধারিত তারিখের মধ্যে না হলে প্রতি পাক্ষিকের জন্য ০.২৫ করে নম্বর কর্তন হবে। | স্ব স্ব ওয়েবসাইট |
| ৭.২ ই-টেন্ডারের মাধ্যমে ক্রয় কার্য সম্পাদন | ই-টেন্ডারে ক্রয় সম্পন্ন | ৪ | % | ই-টেন্ডার/ই-জিপি-এর মাধ্যমে ক্রয়কার্য সম্পাদনের লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জন শতভাগ হলে পূর্ণ নম্বর পাওয়া যাবে। তবে অর্জন শতভাগ না হলে গাণিতিকহারে নম্বর কর্তন হবে। | ই-টেন্ডার নোটিশ |
| **৮. স্বচ্ছতা ও জবাবদিহি শক্তিশালীকরণ......................১১** | | | | | |
| ৮.১ স্ব স্ব সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস্ চার্টার) বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ | বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণকৃত | ২ | % | লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জন শতভাগ হলে পূর্ণ নম্বর পাওয়া যাবে। তবে অর্জন শতভাগ না হলে গাণিতিকহারে নম্বর কর্তন হবে। | স্ব স্ব ওয়েবসাইট |
| ৮.২ শাখা/অধিশাখা ও আওতাধীন/অধস্তন কার্যালয় পরিদর্শন | পরিদর্শন সম্পন্ন | ২ | সংখ্যা | শাখা/অধিশাখা ও আওতাধীন/অধস্তন কার্যালয় পরিদর্শনের লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জন শতভাগ হলে পূর্ণ নম্বর পাওয়া যাবে। তবে অর্জন শতভাগ না হলে গাণিতিকহারে নম্বর কর্তন হবে। | পরিদর্শন প্রতিবেদন |
| ৮.৩ শাখা/অধিশাখা ও আওতাধীন/অধস্তন কার্যালয় পরিদর্শন প্রতিবেদনের সুপারিশ বাস্তবায়ন | পরিদর্শন প্রতিবেদনের সুপারিশ বাস্তবায়িত | ২ | % | পরিদর্শন প্রতিবেদনের সুপারিশ বাস্তবায়নের লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জন শতভাগ হলে পূর্ণ নম্বর পাওয়া যাবে। তবে অর্জন শতভাগ না হলে গাণিতিকহারে নম্বর কর্তন হবে। | বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন, সংশ্লিষ্ট পত্র |

| কার্যক্রমের নাম | কর্মসম্পাদন সূচক | সূচকের মান | একক | মূল্যায়ন পদ্ধতি | প্রমাণক |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | |
| ৮.৪ সচিবালয় নির্দেশমালা ২০১৪ অনুযায়ী নথির শ্রেণি বিন্যাসকরণ | নথি শ্রেণি বিন্যাসকৃত | ২ | % | সচিবালয় নির্দেশমালা, ২০১৪ অনুযায়ী নথির শ্রেণি-বিন্যাসকরণ লক্ষ্যমাত্রার বিপরীতে পূর্ণ নম্বর দাবি করা হলে ঊর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক পরিবীক্ষণ সাপেক্ষে পূর্ণ নম্বর পাওয়া যাবে। তবে অর্জন শতভাগ না হলে গাণিতিকহারে নম্বর কর্তন হবে। | সংশ্লিষ্ট রেজিস্ট্রার |
| ৮.৫ শ্রেণি বিন্যাসকৃত নথি বিনষ্টকরণ | নথি বিনষ্টিকৃত | ৩ | % | শ্রেণি বিন্যাসকৃত নথি বিনষ্টকরণের লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জন শতভাগ হলে পুর্ণ নম্বর পাওয়া যাবে। তবে অর্জন শতভাগ না হলে গাণিতিকহারে নম্বর কর্তন হবে। | বিনষ্টিকৃত নথির তালিকা |
| **৯. শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক অন্যান্য কার্যক্রম**……………১৫ (অগ্রাধিকার ভিত্তিতে ন্যুনতম পাঁচটি কার্যক্রম) | | | | | |
| ৯.১ | | | | মন্ত্রণালয়/বিভাগ/রাষ্ট্রীয় প্রতিষ্ঠানসমূহ স্ব স্ব কার্যালয়ে শুদ্ধাচার প্রতিষ্ঠার নিমিত্ত শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক কার্যক্রমসমূহের মধ্যে হতে অন্য যেকোন উপযুক্ত কার্যক্রম গ্রহণ করতে পারে। কার্যক্রম, কর্মসম্পাদন সূচক ও একক যথাযথ হওয়া সাপেক্ষে এবং লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জন শতভাগ হলে পুর্ণ নম্বর পাওয়া যাবে। অন্যথায় কোন নম্বর প্রদান করা যাবে না। | স্ব স্ব ওয়েবসাইট, পত্র, নোটিশ, ছবি |
| ৯.২ | | | | | |
| ৯.৩ | | | | | |
| **১০. শুদ্ধাচার চর্চার জন্য পুরস্কার প্রদান**…………………………৫ | | | | | |
| ১০.১ শুদ্ধাচার পুরস্কার প্রদান | প্রদত্ত পুরস্কার | ৩ | তারিখ | ২০১৯-২০ অর্থ-বছরের শুদ্ধাচার পুরস্কার প্রদানের লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জন শতভাগ হলে পূর্ণ নম্বর পাওয়া যাবে। তবে অর্জন নির্ধারিত তারিখের মধ্যে না হলে প্রতি পাক্ষিকের জন্য ০.৫০ করে নম্বর কর্তন হবে। | আদেশ, পত্র |
| ১০.২ আওতাধীন/ অধস্তন কার্যালয়ে শুদ্ধাচার পুরস্কার প্রদানের নিমিত্ত ৩২১১১০১ কোডে অর্থ বরাদ্দ | অর্থ বরাদ্দকৃত | ২ | তারিখ | মন্ত্রণালয়/বিভাগসমূহ ২০১৯-২০ অর্থ-বছরের প্রারম্ভে আওতাধীন/ অধস্তন কার্যালয়ে শুদ্ধাচার পুরস্কার প্রদানের নিমিত্ত ৩২১১১০১ কোডে অর্থ বরাদ্দ করলে পুর্ণ নম্বর পাওয়া যাবে। তবে অর্জন নির্ধারিত তারিখের মধ্যে না হলে প্রতি পাক্ষিকের জন্য ০.২৫ করে নম্বর কর্তন হবে। উল্লেখ্য সংশোধিত বাজেটেও ৩২১১১০১ কোডে অর্থ বরাদ্দ করা যাবে এবং নির্ধারিত তারিখের মধ্যে না হলে প্রতি পাক্ষিকের জন্য ০.২৫ করে নম্বর কর্তন হবে। | আদেশ, পত্র, আইবাস-এর কপি |
| **১১. অর্থ বরাদ্দ**…………………………………………………৩ | | | | | |
| ১১.১ শুদ্ধাচার কর্ম-পরিকল্পনায় অর্ন্তভুক্ত বিভিন্ন কার্যক্রম বাস্তবায়নের জন্য বরাদ্দকৃত অর্থের আনুমানিক পরিমাণ | বরাদ্দকৃত অর্থ | ৩ | লক্ষ টাকা | শুদ্ধাচার কর্ম-পরিকল্পনায় অন্তর্ভুক্ত বিভিন্ন কার্যক্রম বাস্তবায়নের জন্য বরাদ্দকৃত অর্থের ব্যয়ের লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জন শতভাগ হলে পূর্ণ নম্বর পাওয়া যাবে। তবে অর্জন শতভাগ না হলে গাণিতিকহারে নম্বর কর্তন হবে। | অর্থ ব্যয় সংক্রান্ত পত্র |
| **১২. পরিবীক্ষণ ও মূল্যায়ন**……………………………৮ | | | | | |

| কার্যক্রমের নাম | কর্মসম্পাদন সূচক | সূচকের মান | একক | মূল্যায়ন পদ্ধতি | প্রমাণক |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | |
| ১২.১ মন্ত্রণালয়/ বিভাগ কর্তৃক প্রণীত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০১৯-২০ মন্ত্রিপরিষদ বিভাগে দাখিল ও স্ব স্ব ওয়েবসাইটে আপলোডকরণ | প্রণীত কর্ম-পরিকল্পনা দাখিলকৃত ও আপলোডকৃত | ২ | তারিখ | ৩ জুলাই ২০১৮ তারিখের মধ্যে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০১৯-২০ প্রণয়ন করে মন্ত্রিপরিষদ বিভাগে দাখিল করা হলে/স্ব স্ব ওয়েবসাইটে আপলোড করা হলে পূর্ণ নম্বর পাওয়া যাবে। | স্ব স্ব ওয়েবসাইট |
| ১২.২ নির্ধারিত সময়ে ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে দাখিল ও স্ব স্ব ওয়েবসাইটে আপলোডকরণ | ত্রৈমাসিক প্রতিবেদন দাখিলকৃত ও আপলোডকৃত | ২ | তারিখ | প্রত্যেক ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন নির্ধারিত সময়ে মন্ত্রিপরিষদ বিভাগে দাখিল ও স্ব স্ব ওয়েবসাইটে আপলোড করা হলে পূর্ণ নম্বর পাওয়া যাবে। | স্ব স্ব ওয়েবসাইট |
| ১২.৩ আওতাধীন দপ্তর/সংস্থা (প্রযোজ্য ক্ষেত্রে) কর্তৃক দাখিলকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও পরিবীক্ষণ প্রতিবেদনের ওপর ফিডব্যাক প্রদান | ফিডব্যাক সভা/কর্মশালা অনুষ্ঠিত | ৪ | তারিখ | আওতাধীন দপ্তর/সংস্থা (প্রযোজ্য ক্ষেত্রে) কর্তৃক প্রতি কোয়ার্টারে দাখিলকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও পরিবীক্ষণ প্রতিবেদনের ওপর মন্ত্রণালয়/বিভাগসমূহ ফিডব্যাক প্রদান করলে পূর্ণ নম্বর পাওয়া যাবে। | নোটিশ, উপস্থিতি, পত্র |

- ৩১ মার্চ ২০২০ তারিখের পর লক্ষ্যমাত্রার কোনরূপ সংশোধন গ্রহণযোগ্য হবে না।

৪। Rules of Business, Allocation of Business, আর্থিক ও প্রশাসনিক ক্ষমতা অর্পণ এবং মন্ত্রণালয়/বিভাগের কর্মবন্টন অনুসারে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ কাঠামোর কোনো কার্যক্রম উক্ত মন্ত্রণালয়/বিভাগের ক্ষেত্রে প্রযোজ্য না হলে বর্ণিত কার্যক্রমের বিপরীতে প্রদেয় নম্বর বাদ দিয়ে শতাংশ নির্ধারণ করা হবে।

৫। জাতীয় শুদ্ধাচার বাস্তবায়ন ইউনিট মূল্যায়ন পরিবীক্ষণের জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা ও মন্ত্রিপরিষদ বিভাগের সংশ্লিষ্ট অধিশাখা/শাখা থেকে তথ্য সংগ্রহ করবে।

৬। মন্ত্রণালয়/বিভাগ হতে প্রাপ্ত মূল্যায়ন প্রতিবেদন স্ব স্ব মন্ত্রণালয়/বিভাগের শুদ্ধাচার ফোকাল পয়েন্টসহ নৈতিকতা কমিটির সদস্যগণের উপস্থিতিতে জাতীয় শুদ্ধাচার বাস্তবায়ন ইউনিটের সভায় পর্যালোচনা করা হবে।

৭। জাতীয় শুদ্ধাচার বাস্তবায়ন ইউনিটের সদস্যবৃন্দ বা তাদের প্রতিনিধিবৃন্দ এবং জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের সঙ্গে সম্পৃক্ত মন্ত্রিপরিষদ বিভাগের কর্মকর্তাবৃন্দ দৈবচয়নের ভিত্তিতে মূল্যায়ন প্রতিবেদনে অন্তর্ভুক্ত নির্ধারিত কার্যক্রমের বিপরীতে প্রকৃত অর্জন যাচাই করতে পারবে।

৮। জাতীয় শুদ্ধাচার বাস্তবায়ন ইউনিট কর্তৃক যাচাইঅন্তে প্রস্তুতকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও পরিবীক্ষণ কাঠামো মূল্যায়ন প্রতিবেদন সারসংক্ষেপ আকারে মাননীয় প্রধানমন্ত্রী সমীপে উপস্থাপন করা হবে। মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রদত্ত অনুশাসন/সিদ্ধান্ত অনুসারে পরবর্তী ব্যবস্থা গ্রহণ করা হবে।